

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা বিভাগ
খুলনা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৪ শিক্ষাবর্ষে
ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-ভর্তি/২০২৪/২৮৫

তারিখঃ ২৩/১০/২০২৩ খ্রি.

২০২৪ শিক্ষাবর্ষে খুলনা মহানগরীতে অবস্থিত ১০ (দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও ০১ (এক) টি সরকারি স্কুল এন্ড কলেজ এ নির্দিষ্ট সংখ্যক আসনে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধু অনলাইনে <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অনলাইনে আবেদন প্রক্রিয়া আগামী ২৪/১০/২০২৩ খ্রি. সকাল ১১.০০ টা হতে শুরু হয়ে ১৪/১১/২০২৩ খ্রি.বিকাল ০৫.০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে; যা শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে। সারাদেশে সরকারি বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে। আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানা ভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা পাবে। এ ক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে পছন্দ ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে। উল্লেখ্য, ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না।

১। ভর্তির শ্রেণি ও শূন্য আসন :

ক্র.	বিদ্যালয়ের নাম ও ঠিকানা	শ্রেণি	শিফট	ধরণ
১	খুলনা জিলা স্কুল, খুলনা সদর, খুলনা।	৩য় শ্রেণি	প্রাত দিবা	বালক
২	সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা সদর, খুলনা।	৩য় শ্রেণি	প্রাত দিবা	বালিকা
৩	সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা সদর, খুলনা।	৩য় শ্রেণি	প্রাত দিবা	বালিকা
		৫ম শ্রেণি	প্রাত দিবা	বালিকা
		৯ম শ্রেণি	প্রাত দিবা	বালিকা
৪	সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়, খুলনা সদর, খুলনা।	৩য় শ্রেণি ৫ম শ্রেণি	শিফট নাই	বালক
৫	খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সোনাডাঙ্গা, খুলনা।	৩য় শ্রেণি	শিফট নাই	বালিকা
৬	গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খানজাহান আলী থানা, খুলনা।	৩য় শ্রেণি	শিফট নাই	বালক ও বালিকা
৭	সরকারি দৌলতপুর মুহসিন মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর, খুলনা।	৬ষ্ঠ শ্রেণি	শিফট নাই	বালক
		৭ম শ্রেণি		
		৯ম শ্রেণি		
৮	কে.ডি.এ খানজাহান আলী সর: উচ্চ বিদ্যালয়, খানজাহান আলী থানা, খুলনা।	৬ষ্ঠ শ্রেণি	শিফট নাই	বালক ও বালিকা
৯	সালাহ উদ্দিন ইউসুফ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, লবণচরা, খুলনা।	৬ষ্ঠ শ্রেণি	শিফট নাই	বালক ও বালিকা
১০	দেলদার আহমেদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, হরিণটানা, খুলনা।	৬ষ্ঠ শ্রেণি	শিফট নাই	বালক ও বালিকা
১১	খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ খালিশপুর, খুলনা।	৬ষ্ঠ শ্রেণি	শিফট নাই	বালক ও বালিকা
		৭ম শ্রেণি		
		৮ম শ্রেণি		
		৯ম শ্রেণি		

২। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে বয়স ৬+ নির্ধারণ করা হয়েছে। অনলাইন জন্ম সনদপত্র অনুযায়ী বয়স নির্ধারিত হবে। এ ক্ষেত্রে কেউ জন্ম সনদ জালিয়াতি বা প্রণয়নে অসদুপায় অবলম্বন করলে তা ফৌজদারী অপরাধ বলে বিবেচিত হবে।

৩। কোটা: মুক্তিযোদ্ধা কোটা ০৫%, প্রতিবন্ধী কোটা ০২%, সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে আগত ৬ষ্ঠ শ্রেণির জন্য ১০%, শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা কর্মচারীদের সন্তান ০২%, সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন ০৫% কোটার ক্ষেত্রে সঠিক প্রমাণপত্র দাখিল করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন শূন্য হলে অপেক্ষমান তালিকা থেকে মেধা ও কোটা অনুসরণ করে ভর্তি করা হবে।

৪। ২০২৪ শিক্ষাবর্ষে খুলনা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

বিশেষ দৃষ্টব্য : ভর্তির বিস্তারিত তথ্য খুলনা মহানগরীর উল্লিখিত ১০ (দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও ০১ (এক) টি সরকারি স্কুল এন্ড কলেজের নোটিশ বোর্ডে, জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
২৩.১০.২০২৩
(খন্দকার ইয়াসির আরেফীন)
জেলা প্রশাসক
খুলনা
ও
সভাপতি
ভর্তি কমিটি-২০২৪ শিক্ষাবর্ষ